গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৩৬

**সততা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের মাধ্যমে হালাল রুজির অন্বেষণ করতে হবে**

**- সিনিয়র ডিপিআইও ইয়াকুব আলী**

রাজশাহী; ২২ কার্তিক (৭ নভেম্বর):

তথ্য অধিদফতরের সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার ইয়াকুব আলী বলেন, আমাদের সততা ও নিষ্ঠার সাথে অর্পিত দায়িত্ব পালনের মাধ্যমে হালাল রুজির অন্বেষণ করতে হবে। সেই সাথে কাজের স্বীকৃতি পাওয়ার জন্য আন্তরিকতার সাথে কাজ সম্পন্ন করতে হবে।

আজ শুক্রবার (৭ নভেম্বর) সকালে রাজশাহী আঞ্চলিক তথ্য অফিস (রাজশাহী পিআইডি) পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন।

ইয়াকুব আলী বলেন, অফিসের বাইরেও এক অবারিত জগৎ আছে। তাই নিজেদের নির্দিষ্ট গণ্ডিতে সীমাবদ্ধ না রেখে নতুন উদ্যোগে কাজ শেখার এবং শেখানোর জন্য চেষ্টা করতে হবে।

কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, স্বীয় কাজে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সকল প্রতিকূলতা উপেক্ষা করতে হবে এবং সুষ্ঠুভাবে কাজ করতে হবে । যে ব্যক্তি কাজের প্রতি আন্তরিকতা দেখাতে পারবে সে অবশ্যই সফল হবে।

এসময় সকলে মিলেমিশে কাজ করা এবং পরস্পরের প্রতি সহনশীল হওয়ার মাধ্যমে অফিসে সৌহার্দ্যপূর্ণ পরিবেশ বজায় রাখার আহ্বান জানান তিনি।

পরিদর্শনকালে রাজশাহী পিআইডির উপপ্রধান তথ্য অফিসার মো. তৌহিদুজ্জামান, সিনিয়র তথ্য অফিসার মো. আতিকুর রহমান শাহ, তথ্য অফিসার শারমিন জাহান স্মিতা, তথ্য অধিদফতরের অতিরিক্ত হিসাব রক্ষণ কর্মকর্তা আতাউর রহমানসহ তথ্য অধিদফতর ও সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

...............................................

স্মিতা/আতিক/২০২৫/১৬:৪৫ঘ.